



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

অষ্টম ও নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা ২০২৩-এর সময়সূচি

স্মারক নং : পনি/প্রশ্নব্যাংক-২/৮৮৫

১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অষ্টম ও নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

পরীক্ষার তারিখ	দিন	সকল পরীক্ষা সকাল ১০টা থেকে শুরু হয়ে প্রতিটি বিষয়ের জন্য নির্ধারিত সময়সীমা অনুযায়ী শেষ হবে			
		৮ম শ্রেণি		৯ম শ্রেণি	
		বিষয়	কোড	বিষয়	কোড
১৩/১১/২০২৩	সোমবার	বাংলা	১০১	গণিত	১০৯
১৪/১১/২০২৩	মঙ্গলবার			ইংরেজি ১ম পত্র	১০৭
১৫/১১/২০২৩	বুধবার			ইংরেজি ২য় পত্র	১০৮
১৬/১১/২০২৩	বৃহস্পতিবার	বিজ্ঞান	১২৭	ইসলাম ও নৈতিক শিক্ষা	১১১
				হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা	১১২
১৯/১১/২০২৩	রবিবার	গণিত	১০৯	পদার্থবিজ্ঞান	১৩৬
				হিসাববিজ্ঞান	১৪৬
				ভূগোল ও পরিবেশ	১১০
২০/১১/২০২৩	সোমবার			বাংলা ১ম পত্র	১০১
২১/১১/২০২৩	মঙ্গলবার	ইসলাম ও নৈতিক শিক্ষা	১১১	বাংলা ২য় পত্র	১০২
		হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা	১১২		
২২/১১/২০২৩	বুধবার			তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪
২৩/১১/২০২৩	বৃহস্পতিবার	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১৫০	জীববিজ্ঞান	১৩৮
২৬/১১/২০২৩	রবিবার	ইংরেজি	১০৭	রসায়ন	১৩৭
				ফিন্যান্স ও ব্যাংকিং	১৫২
				বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা	১৫৩
২৮/১১/২০২৩	মঙ্গলবার	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১৫০
				বিজ্ঞান	১২৭
৩০/১১/২০২৩	বৃহস্পতিবার			উচ্চতর গণিত	১২৬
				পৌরনীতি ও নাগরিকতা	১৪০

বিশেষ নির্দেশাবলি :

- ১। সকল শ্রেণির সকল বিষয়ের পরীক্ষা পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে অনুষ্ঠিত হবে।
- ২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৩। পরীক্ষার সময়সূচিতে ৮ম থেকে ১০ম শ্রেণির যে-সকল বিষয়ের উল্লেখ নেই শুধু সে বিষয়সমূহ প্রতিষ্ঠানের নিজ দায়িত্বে প্রশ্ন প্রণয়ন এবং বোর্ড প্রদত্ত সময়সূচির সাথে সমন্বয় করে পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৪। প্রথমে সৃজনশীল/রচনামূলক ও পরে বহুনির্বাচনি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
- ৫। পরীক্ষার হলে কোনো পরীক্ষার্থী অ্যানালগ ঘড়ি ও নন-প্রোগ্রামাবল সাইনট্রনিক ক্যালকুলেটর ব্যতীত অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না।

অপর পাতায়-

পাতা-২

- ৬। সময়সূচিতে উল্লিখিত বিষয়সমূহের পরীক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে। এ পরীক্ষায় বোর্ড কর্তৃক নির্ধারিত বিষয়সমূহের পরীক্ষা অন্য কোনো প্রশ্নপত্রে গ্রহণ করা যাবে না।
- ৭। অনলাইনে প্রদত্ত প্রশ্নপত্র Download-এর জন্য প্রয়োজনবোধে পার্শ্ববর্তী প্রতিষ্ঠানের বা কেন্দ্র বিদ্যালয়ের সহায়তা নেওয়া যাবে।
- ৮। প্রতিষ্ঠানপ্রধানগণ সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগ করে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করবেন।
- ৯। পরীক্ষার ফিস-বাবদ পরীক্ষার্থী প্রতি ১০/- টাকা হারে সোনালি সেবার মাধ্যমে জমা দিতে হবে।
- ১০। যে-কোনো ধরনের সমস্যা দেখা দিলে ০১৯১৮-৭৮১৭৫৪, ০১৭১৫-৬৭১৬০২, ০১৭১৫-৬৭১১৬৯, ০১৭১৮-৬২৪৫৪৪, ০১৯১১-৪৬০৩১৩, ০১৭১১-৯৮৮১১২ নম্বরে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।
- ১১। প্রকাশ থাকে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর থেকে পরবর্তী সময়ে যদি কোনো নির্দেশনা/আদেশ জারি হয়, তা যথাযথভাবে পালনপূর্বক সমন্বয় করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

মোবা : ০১৭৩৩২২২০০৩

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এ বোর্ডের অধীনে সকল নিম্নমাধ্যমিক

ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান

স্মারক নং : পনি/প্রশ্নব্যাংক-২/৮৮৫

১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা বিভাগ, ঢাকা
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ (এনসিটিবি), ঢাকা
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ ও মাগুরা জেলার সকল জেলা শিক্ষা অফিসার
- ৬। খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ ও মাগুরা জেলার সকল থানা/ উপজেলা শিক্ষা অফিসার